প্যারাগন ল্যাবরেটরীজ এ জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

প্যারাগন ল্যাবরেটরীজ (আয়ুর্বেদিক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদনকৃত আধুনিক ও উন্নতমানের ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান। এখানে উৎপাদিত প্রতিটি ঔষধ সঠিকভাবে মান নিয়ন্ত্রন ও বি এন এ এফ অনুযায়ী ১০০% হার্বস দ্বারা প্রস্তুত। আমাদের উৎপাদিত ঔষধ সন্মানিত চিকিৎসকদের মাধ্যমে দেশের প্রতিটি মানুষের কাছে পৌঁছানোর লক্ষ্যে সাতক্ষীরা, খুলনা, যশোর, বাগেরহাট, গোপালগঞ্জ, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা জেলার প্রতিটি উপজেলা পর্যায়ে নিম্ন লিখিত পদে সৎ, কর্মঠ, মেধাবী, পরিশ্রমী, ধৈর্যশীল যোগ্যতাসম্পন্নদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বেতন/ সম্মানী	অন্যান্য যোগ্যতা
মেডিকেল প্রোমোশন অফিসার	এইচ এস সি/স্নাতক/ স্নাতকোত্তর/সমমান	আলোচনা সাপেক্ষে	* বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। * সংশিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। * বৈধ লাইসেন্সসহ নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
ডিলার/ পরিবেশক	এইচ এস সি/স্নাতক/ স্নাতকোত্তর/সমমান	প্রাতিষ্ঠানিক নিয়মে সুযোগ সুবিধা প্রদান করা হবে	* ফার্মেসী /ঔষধ বিক্রয় লাইসেন্সপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। * চিকিৎসা সেবায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

নির্দেশনা: বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে। আগ্রহী প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখপূর্বক আবেদনপত্রসহ সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ, ব্লাড গ্রুপ উল্লেখ পূর্বক- মোবাইল নম্বর ও উচ্চতা উল্লেখপূর্বক পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ফটোকপিসহ (সত্যায়িত) আগামী ইং ২৫/১১/২০২৬ তারিখ রোজ বুধবার দুপুর ২:০০ টায় **দলিত হাসপাতাল, চুকনগর, ডুমুরিয়া, খুলনায়** নিয়োগ পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হল।

ব্যবস্থাপনা পরিচালক,
প্যারাগন ল্যাবরেটরীজ

ডিলারশীপ প্রদানের ক্ষেত্রে কোম্পানীর প্রদেয় শর্তাবলী ঃ

১. ট্রেড লাইসেন্স (হালনাগাদ)।
২. জাতীয় পরিচয় পত্র।
৩. ফার্মেসীর ড্রাগ লাইসেন্স (হালনাগাদ)।
৪. গত ছয় মাসের ব্যাংক স্টেটমেন্ট ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।
৫. ডিলারশীপ গ্রহণের উভয় পক্ষের মধ্যে চুক্তিপত্র সম্পাদন।
৬. চুক্তিপত্রের শর্তানুযায়ী কোম্পানীর প্রথম সরবরাহের ১০,০০০ হাজার টাকার মেডিসিন নগদ অর্থে ক্রয় করতে হবে এবং পরবর্তী সরবরাহের টাকা সরবরাহের দিন থেকে সর্বোচ্চ ১ মাসের মধ্যে প্রদান করতে হবে।
৭. মেডিসিন ব্যবসায়ী হিসেবে ডিলারের যথেষ্ঠ সুনাম থাকতে হবে।
৮. ফার্মেসী বা ব্যবসা প্রতিষ্ঠানে পর্যাপ্ত জায়গা থাকতে হবে যাতে করে রোগীরা স্বাচ্ছন্দে বসতে পারে ও মেডিসিন সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে ।
৯. ডিলারকে কোম্পানী কর্তৃক প্রেরিত ডাক্তারের থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।
১০. রোগী সংগ্রহ করার সুযোগ, সামর্থ্য ও মানসিকতা থাকতে হবে।
১১. স্থানীয় ভাবে প্রতিষ্ঠিত ডিলার/ ব্যবসায়ীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। প্রতি উপজেলায় কোম্পানী প্রদত্ত এক জন করে ডিলার নিয়োগ করা হবে।
১২. কোম্পানীর ব্যবসায়ীক কার্যক্রম বা স্বার্থবিরোধী কোন কাজে অংশগ্রহণ বা সম্পৃক্ততা থাকা যাবে না।
১৩. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোম্পানীর নাম, লোগো, ঠিকানা ও অন্যান্য সব তথ্য কোথাও ব্যবহার করা যাবে না।
১৪. যদি কোন ডিলার উপরোক্ত শর্ত ভঙ্গ করেন সেক্ষেত্রে বিনা নোটিশে তার ডিলারশীপ বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫. কোম্পানীর প্রদেয় শর্তসমূহ যথাযথভাবে অনুসরন করতে হবে এবং নতুন, পরিবর্তিত ও পরিবর্ধিত যেকোন নিয়ম ও শর্ত মেনে নিতে বাধ্য থাকবে।

ডিলারশীপ গ্রহণের ক্ষেত্রে কোম্পানীর প্রদেয় সুবিধাদী ঃ

১. সুলভ মূল্যে প্রোডাক্ট সরবরাহ করা হবে।
২. প্রচার-প্রচারণার জন্য ব্যানার, ফেস্টুন, লিফলেট ও মাইকিংসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা করা হবে।
৩. সপ্তাহে নির্দিষ্ট একদিন করে কমপক্ষে ৪ দিন কোয়ালিফাইড (**BAMS/BUMS**) ডক্টরস দ্বারা চিকিৎসা সেবা প্রদান করা।
৪. কোম্পানী কর্তৃক প্রেরিত ডাক্তারকে চিকিৎসা সেবা প্রদান করার জন্য ডিলারকে কোন অর্থ প্রদান করতে হবে না।
৫. উন্নত ও ব্যবসাবান্ধব ট্রেনিং প্রদানের পাশাপাশি ব্যবসা পরিচালনার ক্ষেত্রে অন্যান্য প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

বিঃ দ্রঃ বাজারে বকেয়া থাকলে কোম্পানী দায়বদ্ধ থাকবে না।